

বিআরপিডি সার্কুলার লেটার নং -১১

১৯ আশ্বিন ১৪২২  
তারিখ :-----  
০৪ অক্টোবর ২০১৫

চেয়ারম্যান  
পরিচালনা পর্ষদ  
বিদেশী ব্যাংক ব্যতীত বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,


পরিচালনা পর্ষদ সভায় উপস্থিতির জন্য পরিচালকদের সম্মানী প্রদান ও ভ্রমণ খরচ পুনঃভরণ প্রসঙ্গে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৮ ধারার (১) উপ-ধারার বিধান অনুযায়ী ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিতির জন্য পরিচালকগণ বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ ১৮ জানুয়ারী ২০১০-এ বর্ণিত হারে সম্মানী পেয়ে থাকেন। এছাড়া বিআরপিডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০১ ফেব্রুয়ারী ২০০৫-এ বর্ণিত বিধান পরিপালনসাপেক্ষে পর্ষদ/কমিটির সভায় অংশগ্রহণের জন্য ভিন্ন ভিন্ন স্থান থেকে আসা পরিচালকগণ ভ্রমণ খরচ ও হোটেল বিল প্রাপ্য হন। সার্বিক বিবেচনায় বর্ণিত সভা/সভাসমূহে উপস্থিতির জন্য পরিচালকদের প্রদেয় সম্মানীর উর্ধ্বসীমা পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তাছাড়া, ব্যাংকের ব্যয় সংকোচন ও নীতিনির্ধারণী পর্যায়ে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এরূপ সভায় উপস্থিতির জন্য পরিচালকদের সম্মানী প্রদানযোগ্য সভার সংখ্যা সীমিত করা সমীচীন। এ প্রেক্ষিতে ব্যাংকগুলোকে নিম্নে বর্ণিত নির্দেশনা পরিপালনের জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে :

- ১) ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভাগুলো প্রধান কার্যালয়/প্রধান কার্যালয়স্থ শহরে সম্পন্ন করতে হবে। তবে, বিশেষ প্রয়োজনে বাংলাদেশ ব্যাংককে অবহিতকরণপূর্বক প্রধান কার্যালয়স্থ শহরের বাইরে কোন সুবিধাজনক স্থানে সভা অনুষ্ঠান করা যেতে পারে।
- ২) পর্ষদ/কমিটির সভায় উপস্থিতির জন্য পরিচালকদের প্রদেয় সম্মানীর উর্ধ্বসীমা হবে ৮,০০০/- (আট হাজার) টাকা।
- ৩) ব্যাংক-কোম্পানীর পর্ষদ ও অন্যান্য কমিটির সভা যথাসম্ভব সীমিত সংখ্যক রাখা বাঞ্ছনীয়। তবে প্রয়োজনের নিরিখে কোনো মাসে ব্যাংক-কোম্পানীর পর্ষদ ও অন্যান্য কমিটির যত সংখ্যক সভাই অনুষ্ঠিত হোক না কেন, প্রতি মাসে পরিচালকগণ সর্বোচ্চ পরিচালনা পর্ষদের ০২(দুই)টি সভা, নির্বাহী কমিটির ০৪ (চার)টি সভা, অডিট কমিটির ০১(এক)টি সভা ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ০১(এক)টি সভায় উপস্থিতির জন্য এরূপ সম্মানী প্রাপ্য হবেন।
- ৪) ব্যাংকের পর্ষদ/কমিটির সভায় অংশগ্রহণার্থে দেশের অভ্যন্তরে ভিন্ন কোন স্থান থেকে প্রধান কার্যালয়ে আসা যাওয়ার জন্য পরিচালকগণকে সর্বোচ্চ ০২(দুই) দিনের জন্য হোটেলে অবস্থান ও ভ্রমণ ব্যয় প্রদান করা যাবে।
- ৫) যে ক্ষেত্রে বিদেশী নাগরিক পরিচালক এর দায়িত্ব পালন করেন (অনিবাসী বাংলাদেশী কিংবা দ্বৈত নাগরিক নন) তারা সর্বোচ্চ ০৩(তিন) দিনের হোটেলে অবস্থান বিল ও বিমানে আসা যাওয়ার ভাড়া প্রাপ্য হবেন।
- ৬) অনিবাসী বাংলাদেশী পরিচালকগণ বছরে পরিচালনা পর্ষদের সর্বোচ্চ ০৪ (চার)টি সভায় অংশগ্রহণের জন্য সর্বোচ্চ ০৩(তিন) দিনের জন্য হোটেলে অবস্থান ও বিমানে আসা যাওয়ার ভাতা প্রাপ্য হবেন।
- ৭) সকল পরিচালককে ভ্রমণ খরচ ও হোটেলে অবস্থান বিলের অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রকৃত খরচের রসিদ (যেমন-ভ্রমণ টিকেট, বিমানের টিকেট, হোটেলে অবস্থানের বিল পরিশোধের রসিদ/ভাউচার ইত্যাদি) দাখিল করতে হবে এবং দাখিলকৃত প্রমাণাদি ব্যাংক কর্তৃক সংরক্ষণ করতে হবে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৮ ধারার (১) উপ-ধারার বিধান পরিপালনকল্পে এই সার্কুলার লেটার জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। এই সার্কুলার লেটার কার্যকর হওয়ার পর থেকে বিআরপিডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০১ ফেব্রুয়ারী ২০০৫ এবং বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ ১৮ জানুয়ারী ২০১০ বাতিল বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০২৫২